৪২
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন
দৈনিক খবর ৩০
তারিখ 31 JUL 1989
পৃষ্ঠা 2 কলাম 3



বাংলাদেশ শিল্প ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের যে সকল সন্তান চলতি সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বিশেষ কৃতিত্ব প্রদর্শন করে ব্যাংকের পদক ও অভিনন্দনপত্র লাভ করেছে, তাদেরকে শিল্প ব্যাংকের পরিচালনা পর্ষদের সভাপতি শিল্প সচিব জনাব এ কে এম মোশাররফ হোসেন, ব্যবস্থাপনা পরিচালক জনাব এম সেকান্দার আলী ও অন্যান্য মহা-ব্যবস্থাপকসহ দেখযাচ্ছে

# কৃতি ছাত্রদের সম্বর্ধনা দিয়েছে শিল্প ব্যাংক

চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী মোস্তফা মোহাম্মদ রিয়াদ আরফিনসহ মোট ২২ জন কৃতি ছাত্র-ছাত্রীকে গতকাল বাংলাদেশ শিল্প ব্যাংক আনুষ্ঠানিকভাবে সম্বর্ধনাজানিয়েছে।

এ উপলক্ষে আয়োজিত একটি অনুষ্ঠানে শিল্প ব্যাংক পরিচালনা পরিষদের সভাপতি শিল্প সচিব এ কে এম মোশাররফ হোসেন কৃতী আরফিনকে ব্যাংকের পক্ষে থেকে স্বর্ণপদক ও অন্যান্য কৃতী ছাত্র-ছাত্রীকে রৌপ্যপদকে ভূষিত করেন। শিল্প ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এম সেকান্দর আলী ছাত্র-ছাত্রীদের অভিনন্দনপত্র প্রদান করেন। কৃতী ছাত্র-ছাত্রীগণ সকলেই শিল্প ব্যাংকে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীর সন্তান।

মোশাররফ হোসেন ছাত্র-ছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যৎ জীবন কামনা করে বলেন যে, শ্রম, মেধা, সাধনা ও অধ্যাবসায়ের ফলে তাঁরা এ প্রশংসনীয় সম্মানের অধিকারী হয়েছে এবং ভবিষ্যৎ জীবনেও দেশ ও জাতি তাদের কৃতিত্বপূর্ণ অবদানে গৌরবান্বিত হবে। তিনি দেশ গঠনে শিক্ষার প্রসারের কথা বিশেষভাবে উল্লেখ করেন। খবর প্রেসবিজ্ঞপ্তি'র।